

## Lecture no -18+19

### বিষয়ঃ যুক্তিবিদ্যা

#### অধ্যায়-৩য়

### পদের ব্যাপ্তি

ন্যায়ানুমানের বৈধতা - অবৈধতা নির্ণয়ের মূল ভিত্তি হলো পদের ব্যাপ্যতা।

**পদের ব্যাপ্যতার সংজ্ঞাঃ** পদের ব্যাপ্যতা বলতে পদের প্রসারতাকে বুঝায়। একটি পদ কোনো যুক্তিবাক্যে ব্যবহৃত হওয়ার পর যে পরিমাণ ব্যক্তার্থ নির্দেশ করে তার দ্বারা সে পদের ব্যাপ্যতা বা ব্যাপ্তি নির্দেশ করে।

অর্থাৎ, কোন পদ যখন তার সামগ্রিক ব্যক্তার্থকে গ্রহণ করে কোনো যুক্তিবাক্যে ব্যবহৃত হয় তখন তাকে পদের ব্যাপ্যতা বা ব্যাপ্তি বলে। যেমন- ‘সকল দার্শনিক হন জ্ঞানী’ এ যুক্তিবাক্যে দার্শনিক পদটি ব্যাপ্য।

**পদের ব্যাপ্তির নিয়মঃ** পদের ব্যাপ্তির নিয়ম দুটি

ক, সার্বিক যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ ব্যাপ্য কিন্তু বিশেষ যুক্তিবাক্যে উদ্দেশ্য পদ অব্যাপ্য।

খ, নঞর্থক যুক্তিবাক্যের বিধেয় পদ ব্যাপ্য কিন্তু সদর্থক যুক্তিবাক্যে বিধেয় পদ অব্যাপ্য।

যুক্তিবিদ সুইনবার্গ As Eb In Op নামক সূত্রের মাধ্যমে পদের ব্যাপ্যতাকে ব্যাখ্য করেন।

**ব্যাপ্যতা নিয়মের ব্যাখ্যাঃ**

A- সার্বিক সদর্থক যুক্তিবাক্য - সকল কাক হয় কালো

E- সার্বিক নঞর্থক যুক্তিবাক্য- কোনো মানুষ নয় অমর

I- বিশেষ সদর্থক যুক্তিবাক্য- কিছু গরু হয় সাদা

O- বিশেষ নঞর্থক যুক্তিবাক্য- কিছু ছাত্র নয় মেধাবী

**প্রশ্ন ৭। বিশেষ যুক্তিবাক্যের উদ্দেশ্যপদ ব্যাপ্য হয় না কেন?** [কু. বো. '১৯.]

উত্তর: কোনো একটি পদ যখন তার সম্পূর্ণ ব্যক্তার্থকে গ্রহণ করে কোনো যুক্তিবাক্যে ব্যবহৃত হয় তখন তাকে ব্যাপ্য পদ বলে। পদের ব্যাপ্যতার নিয়ম অনুযায়ী সার্বিক যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ ব্যাপ্য হলেও বিশেষ যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ ব্যাপ্য নয়। বিশেষ যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ তার সম্পূর্ণ ব্যক্তার্থকে গ্রহণ করে ব্যবহৃত হয় না, আংশিক ব্যক্তার্থকে গ্রহণ করে ব্যবহৃত হয়। তাই বিশেষ যুক্তিবাক্যের উদ্দেশ্য পদ ব্যাপ্য নয়।

**প্রশ্ন ৮। “সব পদ শব্দ কিন্তু সব শব্দ পদ নয়”- ব্যাখ্যা কর।** [চ. বো. '১৯.]

উত্তর: সব পদ শব্দ হলেও সকল শব্দ পদ হতে পারে না। যেসব শব্দ কোনো যুক্তিবাক্যের উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত হয় বা হতে পারে তাকে পদ বলে। অসংখ্য শব্দের মধ্য থেকে কেবল একটি অংশই পদ হিসেবে ব্যবহৃত হতে পারে। যেসব শব্দ কোনো যুক্তিবাক্যে উদ্দেশ্য বা বিধেয় হিসেবে ব্যবহৃত হয় সেগুলো পদ; আর বাকি শব্দগুলো পদ বলে বিবেচিত হয় না। যেহেতু যুক্তিবাক্যে ব্যবহৃত পদগুলো শব্দ দিয়ে গঠিত তাই সকল পদই শব্দ। তাই বলা যায়, সব পদ শব্দ কিন্তু সব শব্দ পদ নয়।

